18

দৈনিক বাংলা

তারিখ 25 JUL 1995
পৃষ্ঠা ৪ কলাম ৫

# আলিম, ফাজিল ও কামিল পরীক্ষা পিছিয়ে দিন ঃ শিক্ষকদের দাবী

**স্টাফ রিপোর্টার ঃ** দেশের বিভিন্ন এলাকায় বন্যা পরিস্থিতির কারণে আসন্ন মাদ্রাসা শিক্ষাবোর্ডের আলিম, ফাজিল ও কামিল পরীক্ষার তারিখ পিছানোর দাবী করা হয়েছে। বাংলাদেশ জাতীয়তাবাদী শিক্ষক সমিতি ফেডারেশন সোমবার সকালে জাতীয় প্রেসক্লাবে এক সাংবাদিক সম্মেলনে এই দাবী করেছে।

বাংলাদেশ জাতীয়তাবাদী শিক্ষক সমিতি ফেডারেশনের মহাসচিব মওলানা এ কে এম নূরুল ইসলাম তার লিখিত বক্তব্যে বলেন, আগামী ২৭ জুলাই থেকে মাদ্রাসা শিক্ষা বোর্ডের আলিম, ফাজিল ও কামিল পরীক্ষা শুরু হবার কথা। কিন্তু দেশের বন্যা পরিস্থিতির কারণে বন্যা-কবলিত অনেক ছাত্র-ছাত্রীর বই-কেতাব নষ্ট হয়ে গেছে। এই অবস্থায় পূর্ব নির্ধারিত তারিখেই পরীক্ষা অনুষ্ঠিত হলে অনেক পরীক্ষার্থীর পক্ষে পাস করা কষ্টকর হবে। অনেকে পাস করার জন্য অসদুপায় অবলম্বনের চেষ্টা করতে পারে।

তিনি বর্তমান সরকারের শিক্ষানীতির প্রশংসা করে বলেন, প্রধানমন্ত্রীর দেয়া প্রতিশ্রুতি অনুযায়ী শিক্ষকদের অনেক দাবীই ইতিমধ্যে পূরণ হয়েছে। পরীক্ষার্থীদের কথা বিবেচনা করে মাদ্রাসা শিক্ষাবোর্ডের ২৭ জুলাই অনুষ্ঠিতব্য পরীক্ষার তারিখ পরিবর্তন করে আগামী ৩১ আগস্ট থেকে পরীক্ষা শুরু করার জন্য তিনি দাবী জানান। একই সঙ্গে দাখিল, আলিম, ফাজিল ও কামিল শ্রেণীর রেজিস্ট্রেশনের সময়ও বর্ধিত করার দাবী করা হয়েছে। সাংবাদিক সম্মেলনে ফেডারেশনের সহ-সভাপতি মওলানা আবদুল কাদের মোজাদ্দেদীসহ কয়েকজন শিক্ষক উপস্থিত ছিলেন।